**India Foundation for the Arts (IFA)**

**Arts Research** Programme -এ

প্রস্তাবের আহ্বান জানায়।

**প্রস্তাব নিবেদনের শেষ তারিখঃ September 10, 2025**

২০২৫-এ কার্যকর হওয়া আই এফ এর Arts Research Programme (আর্টস রিসার্চ প্রোগ্রাম) শিল্প গবেষণার বিচিত্র ও বিবিধ পদ্ধতিকে স্বীকৃতি দেয়। এই প্রোগ্রামে আমরা সেই ধরনের প্রকল্পগুলি কার্যকর করে তুলি, যা জ্ঞান ও চিন্তার বিভিন্ন রূপ সম্বন্ধে অনুসন্ধান করে। এই জ্ঞান ও চিন্তার মূলে রয়েছে নান্দনিক, পাণ্ডিত্য মূলক বা সাংস্কৃতিক চর্চা। এই প্রকল্পগুলি ভারতের নান্দনিক চর্চার প্রকাশ ও ইতিহাসের বিভিন্ন দিক স্পষ্ট করে তোলে, এবং অন্বেষণ, আলাপ-পরিচয়, চিন্তাভাবনা, ও পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে শিল্পগুলিকে আরো গভীরে বুঝতে চায়।

এই ধরনের প্রকল্পগুলিতে আর্টস রিসার্চ বলতে বোঝানো যেতে পারে:

- ➔ এক ধরনের **চর্চা** যেখানে গবেষণা করার, তার সঠিক সংজ্ঞা নির্ধারন করার, ও তা প্রচার করার নতুন পদ্ধতি তৈরি করা যেতে পারে। যে সমস্ত গবেষণা পরীক্ষা-নিরীক্ষা করে, গবেষণাকে কাগজ-কলমের বাইরেও নিয়ে যায়, এবং কে গবেষণা করতে পারে, কী বিষয়ে গবেষণা করা গুরুত্বপূর্ণ, এবং তার পদ্ধতি কী, এই সমস্ত প্রশ্নের নতুন উত্তর দেয়।
- ➔ গবেষণা **পদ্ধতি** নিয়ে নতুন করে ভাবা। শরীর, প্রযুক্তি, নিজস্ব আখ্যান, স্মৃতি, অভিজ্ঞতা, সম্পর্ক, ও কল্পনার মাধ্যমে জানার ও ভাবার অনন্য উপায়ের সাহায্যে ধারণার নতুন দিগন্ত খুলে দেওয়া।
- ➔ নিজস্ব নান্দনিক/সাংস্কৃতিক চর্চার সরাসরি **অনুসন্ধান।** আমরা চাই গবেষণার সেইসব প্রক্রিয়া অন্বেষণ করতে যার মধ্যে দিয়ে নিজের ব্যক্তিগত অথবা অপরের চর্চা সম্বন্ধে সমালোচনামূলক, অনুসন্ধিৎসু, ও প্রগতিশীলভাবে ভাবনাচিন্তা করা যায়।
- ➔ ভারতের নান্দনিক চর্চার ইতিহাস, সাংস্কৃতিক ঐতিহ্য, এবং প্রকাশ নতুন ভাবে নিরীক্ষা করার যে সমস্ত আখ্যান ও বর্ণনার রূপ বর্তমানে প্রচলিত সেগুলিকে **প্রশ্ন** করে দেখা। এই ধরনের গবেষণাকে দেখা যেতে পারে community engagement (সামাজিক আলাপ আলোচনা) হিসাবে, শিল্পের ও আনুষঙ্গিক বিষয়ের ইতিহাস পুনর্বার দেখা হিসাবে, এবং ভবিষ্যতের নান্দনিক পদ্ধতির কল্পনা হিসাবে।
- ➔ বিভিন্ন **উপেক্ষিত দৃষ্টিভঙ্গির বক্তব্য প্রকাশ করার উপায়**, যার ফলে নতুন ভাষা, শব্দভাণ্ডার, ও দেশজ সম্পদ তৈরি করা যেতে পারে। এমনকি 'প্রান্তিক' ও 'প্রধান' বলতে ঠিক কী বোঝানো যেতে পারে, তা নতুন করে ভেবে দেখাও এর অন্তর্গত হতে পারে।
- ➔ এক ধরনের **বাদানুবাদ।** আমরা চাই সেইসব প্রকল্পকে কার্যকর করতে, যা শিক্ষার বিভিন্ন বিষয় ও বিভিন্ন শিল্পের মধ্যে অর্থপূর্ণ আদান-প্রদানে সাহায্য করে (যেমন, শিল্প ও বিজ্ঞান, শিল্প ও দর্শন, শিল্প ও digital media বা ডিজিটাল মাধ্যম, তত্ব ও চর্চা)। যাঁরা শিল্পের ও গবেষণার পদ্ধতি, তত্ব, সংস্কৃতি, সংগঠন ও প্রযুক্তির মধ্যে সহযোগিতা ও সহায়তার নতুন রূপের সন্ধান করছেন, আমরা তাঁদের সঙ্গে যুক্ত হতে আগ্রহী।
- ➔ এক ধরনের **অনুবাদ**, যা গবেষণায় সাহায্য করে। অনুবাদের চর্চা ও বহুভাষী পদ্ধতি এবং পরীক্ষা-নিরীক্ষা ঘিরে যেসমস্ত আলাপ আলোচনা গড়ে উঠেছে তার উপর যাঁরা কাজ করতে চান, অথবা অনুবাদের সাংস্কৃতিক গুরুত্ব সম্বন্ধে অনুসন্ধান করতে চান, আমরা তাঁদের প্রস্তাব নিবেদন করতে উৎসাহিত করি।

এইসমস্ত ফোকাস (বা কেন্দ্রীয়) ক্ষেত্রের বাইরেও যাঁরা কাজ করতে ও তার দ্বারা শিল্প-সংক্রান্ত গবেষণার ধারণাকে প্রসারিত করতে চান, তাঁদের প্রস্তাবেও আমরা আগ্রহী।

## কারা প্রস্তাব নিবেদন করতে পারেন?

শিক্ষার্থী, গবেষণা ও চর্চায় নিযুক্ত শিল্পী, artist-activists (অর্থাৎ যে সমস্ত শিল্পী তাঁদের শিল্পের মাধ্যমে বিভিন্ন আন্দোলনে নিযুক্ত), curators, অনুবাদক, artist educators (অর্থাৎ যে সমস্ত শিল্পী-শিক্ষাবিদ তাঁদের শিল্পের মাধ্যমে শিক্ষার প্রসার ঘটান), লেখক, দার্শনিক, gamers, ইত্যাদি। এছাড়াও আন্তঃ-বিষয়ক (inter-disciplinary) গবেষণা ও চর্চায় যুক্ত **যে কোনো ব্যক্তি** প্রস্তাব নিবেদন করতে পারেন।

কেবলমাত্র ভারতীয় নাগরিকরাই প্রস্তাব দাখিল করতে যোগ্য। তাঁদের সহযোগীদেরও ভারতীয় নাগরিক হওয়া বাধ্যতামূলক। যোগ্যতা সম্বন্ধে আরো জানতে এইখানে ক্লিক করুন।

## প্রকল্পের সময়সীমা:

সর্বনিম্ন সময়সীমা **এক বছর (one year)** এবং সর্বাধিক **১৮ মাস (18 months)।**

## বাজেট:

**₹ ৫,০০,০০০/-** পর্যন্ত বাজেট নির্ধারণ করা যেতে পারে। আপনি একটি সাম্মানিকের **আবেদন জানাতে পারেন**, যা প্রস্তাবিত বাজেটের ৩৫%- এর থেকে বেশি নয়। (দয়া করে প্রতিষ্ঠানের ওভারহেড খরচ, বিল্ডিঙের খরচ, বা পরিকাঠামোর উন্নয়ন সংক্রান্ত খরচ বাজেটের মধ্যে ধরবেন না। উপরন্তু যন্ত্রপাতি কেনার খরচ বাজেটের অন্তর্গত নয়, কিন্তু যদি প্রকল্পের জন্য সরঞ্জাম কেনা একান্ত প্রয়োজন হয়, তাহলে প্রকল্প সমাপ্ত হওয়ার পর তা IFA (আই এফ এ)র কাছে ফেরত দেওয়া প্রয়োজন।)

## জমা দেওয়ার পদ্ধতি:

- আমাদের অনুরোধ, প্রস্তাব জমা দেওয়ার আগে প্রস্তাবের আবেদন এবং এবং সেই সংক্রান্ত আলোচনার প্রয়োজন থাকলে **১১ ই আগস্ট ২০২৫ (11th August, 2025)**-এর আগে আমাদের Arts Research Programme Officer হর্ষিতা বথওয়াল (Harshita Bathwal) এর সঙ্গে ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করবেন। ই-মেইল ঠিকানা: harshita@indiaifa.org, বিষয় বিবরণ (সাবজেক্ট লাইন): **Project Proposal for Arts Research।**
- প্রস্তাব যেকোনো ভারতীয় ভাষায় লেখা যেতে পারে। তা ছাড়া, ইংরেজি ভাষাতেও আপনার প্রস্তাব লিখতে পারেন।
- প্রস্তাবিত প্রকল্পে গবেষণার প্রশ্ন, প্রস্তাবিত উদ্দেশ্য, ব্যক্তিগত প্রেরণা, এবং প্রকল্পের সঙ্গে জড়িত অংশীদার ইত্যাদি সুস্পষ্টভাবে নির্ধারিত থাকবে।
- আমরা আবেদনকারীদের এমন ধরনের প্রকল্প গড়ে তুলতে উৎসাহিত করি, যেগুলির সঙ্গে যুক্ত ফলাফল অথবা পদ্ধতি জনসাধারণের কাছে, অর্থাৎ public domain (পাবলিক ডোমেইন)-এ ব্যক্ত করা যায়। এগুলি textual (লিখিত বর্ণনা সংক্রান্ত), visual (দ্রষ্টব্য), performative (পারফর্মেটিভ), curatorial (কিউরেটোরিয়াল), pedagogical (শিক্ষা-পদ্ধতি সংক্রান্ত), spatial (স্থান সংক্রান্ত), material (বস্তুগত), documentary (ডকুমেন্টারি), sonic (ধ্বনি সংক্রান্ত), digital (ডিজিটাল), অথবা অন্য যে কোনো ধরনের সাংস্কৃতিক intervention (অর্থাৎ হস্তক্ষেপ বা অংশগ্রহণ) হতে পারে। ব্যাপ্ত ও বিচিত্র জনগণের পক্ষে বোধগম্য এবং অর্থপূর্ণ হয়ে ওঠা প্রকল্পগুলির উদ্দেশ্য হওয়া উচিত। কেবলমাত্র এক ধরনের মানুষজনের অংশগ্রহণ নয়, বরং বিভিন্ন ধরণের জনসাধারণকে এর মধ্যে জড়িত করাই কাম্য।

- শেষপর্যন্ত অন্তিম প্রস্তাবটি অনলাইনে সমর্পণ করবেন ই-মেইলের মাধ্যমে। প্রস্তাবের সঙ্গে যোগ করবেন আপনার curriculum vitae, এবং বিস্তারিত বাজেট, যেটির মধ্যে পুঁজি কীভাবে কোথায় ব্যবহার করা হবে তার বিবরণ থাকবে। এগুলি একটিমাত্র ই-মেইলের মাধ্যমে পাঠাবেন harshita@indiaifa.org- এই ঠিকানায়, September 10, 2025, 11:59 PM (IST) (১০ই সেপ্টেম্বর ২০২৫, ১১:৫৯ পিএম)-এর মধ্যে, অর্থাৎ ওই দিনে অথবা তার আগেই। ই-মেইলের আকার 25 MB (২৫ এম বি)-র বেশি হবে না।

## নির্বাচন পদ্ধতি:

একটি এক্সটার্নাল প্যানেল শর্টলিস্টেড বা সংক্ষিপ্ত তালিকায় বাছাই করা প্রস্তাবগুলির মূল্যায়ন করবেন। আবেদনকারীদের প্যানেলের সামনে নিজেদের প্রকল্পের চিন্তা পেশ করতেও হতে পারে। কোন প্রকল্পগুলি বাস্তবায়িত করবার জন্য নির্বাচিত হবে, তা **November 2025** (নভেম্বর ২০২৫)-এ ঘোষণা করা হবে। প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে IFA (আই এফ এ)-র সিদ্ধান্ত চূড়ান্ত।

বিঃদ্রঃ: অসম্পূর্ণ প্রস্তাব এবং যে সমস্ত আবেদনকারী যোগ্য নন তাঁদের প্রস্তাবগুলি গণ্য নয়।

সমস্ত নির্বাচিত প্রকল্প বাস্তবায়িত করবে IFA (আই এফ এ)।

## গুরুত্বপূর্ণ তারিখ:

- প্রকল্পের চিন্তা বিষয়ক আলোচনা/প্রশ্ন করবার শেষ তারিখ: August 11, 2025 (১১ই আগস্ট, ২০২৫)
- অন্তিম প্রস্তাব জমা দেওয়ার শেষ তারিখ: September 10, 2025 (১০ই সেপ্টেম্বর ২০২৫)
- নির্বাচিত প্রকল্প ঘোষণা: November-December 2025 (নভেম্বর-ডিসেম্বর ২০২৫)
- প্রকল্প আরম্ভ: January 2026 (জানুয়ারি ২০২৬) (পরিবর্তন সাপেক্ষ)

***IFA (আই এফ এ) বিশেষত ভারতীয় ভাষাগুলিতে প্রকল্প গড়ে তুলতে উৎসাহ প্রদান করে। ইংরেজীও এর অন্তর্গত। এর দ্বারা বিভিন্ন ভাষার পরিপ্রেক্ষিতে আলাপ-আলোচনায় অংশগ্রহণ করা সম্ভব হয়ে ওঠে।***

***বিঃদ্রঃ: IFA (আই এফ এ) এমন এক নিরাপদ আবহাওয়া গড়ে তুলতে বদ্ধপরিকর, যা শিশু-সহ প্রত্যেকের সহযোগিতা, সম্মান ও সুরক্ষা নিশ্চিত করতে পারে। আবেদনকারী এই চেষ্টায় যোগদান করবেন, এবং প্রতি মুহূর্তেই তা তুলে ধরবেন।***

***Arts Research Programme সম্ভব হয়ে উঠেছে BNP Paribas India-র সহযোগিতায়।***